বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯।
শৃঙ্খলা শাখা, মানব সম্পদ বিভাগ
www.caab.gov.bd

নম্বর: ৩০.৩১.০০০০.০০০.২০১.৫৬.০০০২.১৭.৫৭০

তারিখ: ১৬ আষাঢ় ১৪৩৩
৩০ জুন ২০২৬

## অফিস আদেশ

যেহেতু, জনাব মোহাম্মদ আবু সাঈদ, পরিচালক (এয়ারওয়ার্দিনেস এন্ড ইঞ্জিনিয়ারিং), ফ্লাইট স্ট্যান্ডার্ড এন্ড রেগুলেশনস বিভাগে কর্মরত থাকা অবস্থায় মালয়েশিয়ায় বৈদেশিক চাকরিতে যোগদানের উদ্দেশ্যে লিয়েন মঞ্জুরের জন্য আবেদন করেন এবং এ সংক্রান্ত প্রস্তাব গত ২৭ জুলাই ২০২৫ তারিখে প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হলে, প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক ০২ সেপ্টেম্বর ২০২৫ তারিখে জারিকৃত ২৪০ নং স্মারকের মাধ্যমে অতিরিক্ত তথ্যাদি চাওয়া হয়। তবে উক্ত তথ্যাদি প্রেরণের পূর্বেই ফ্লাইট স্ট্যান্ডার্ড এন্ড রেগুলেশনস বিভাগের ২০ আগস্ট ২০২৫ তারিখের ১০৬২ নং স্মারকের মাধ্যমে জানা যায় যে, তিনি গত ০৪ আগস্ট ২০২৫ হতে ১৩ আগস্ট ২০২৫ তারিখ পর্যন্ত ১০ (দশ) দিন নৈমিত্তিক ছুটি ভোগ শেষে পূর্বানুমতি বা যোগাযোগ ব্যতিরেকে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

২.০ যেহেতু, সংশ্লিষ্ট বিভাগ হতে তাঁর সাথে একাধিকবার যোগাযোগের চেষ্টা করা হলেও তাঁর অবস্থান নিশ্চিত করা সম্ভব হয়নি এবং তাঁর উক্ত অনুপস্থিতি বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ-এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১-এর প্রবিধি ২(৮) অনুযায়ী "পলায়ন"-এর সংজ্ঞাভুক্ত হওয়ায় ২০ নভেম্বর ২০২৫ তারিখে তাঁর নিকট ব্যাখ্যা তলব করা হয় এবং ৭ (সাত) কার্যদিবসের মধ্যে জবাব দাখিলের নির্দেশ প্রদান করা হয়; কিন্তু নির্ধারিত সময়ের মধ্যে কোনো জবাব পাওয়া যায়নি;

৩.০ যেহেতু, ব্যাখ্যা তলবের জবাব দাখিল না করা এবং অনুমোদিত ছুটির মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর ১৪ আগস্ট ২০২৫ তারিখ হতে ৬০ (ষাট) দিনের অধিক সময় কর্তব্যস্থলে অনুপস্থিত থাকা তাঁর গুরুতর দায়িত্বহীনতার পরিচায়ক; ফলে তাঁর উক্ত কার্যকলাপ বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ-এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১-এর প্রবিধি ৪৯(খ) ও ৪৯(গ) অনুযায়ী যথাক্রমে "অসদাচরণ" ও "পলায়ন"-এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ হিসেবে প্রতীয়মান হওয়ায় তাঁর বিরুদ্ধে স্মারক নং-৩০.৩১.০০০০.০০০.২০১. ৫৬.০০০২.১৭.১০৩৮; তারিখ: ১৭ ডিসেম্বর ২০২৫ মূলে বিভাগীয় মামলা নং-১১/২০২৫ রুজু করা হয় এবং ১০ (দশ) কার্যদিবসের মধ্যে জবাব দাখিলের নির্দেশ প্রদান করা হয়। উক্ত অভিযোগনামা যথাযথ প্রক্রিয়ায় জারিকরণপূর্বক তাঁর কর্মস্থল, বর্তমান ও স্থায়ী ঠিকানা, ব্যক্তিগত ও দাপ্তরিক ই-মেইল এবং হোয়াটসঅ্যাপ নম্বরে প্রেরণ করা হয় এবং কর্তৃপক্ষের ওয়েবসাইটেও প্রকাশ করা হয়;

৪.০ যেহেতু, নির্ধারিত সময়ের মধ্যে তাঁর নিকট হতে কোনো জবাব প্রাপ্ত না হওয়ায় অভিযোগ তদন্তের লক্ষ্যে গত ১৫ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে সদস্য (এটিএম)-এর সভাপতিত্বে ৩ (তিন) সদস্যবিশিষ্ট একটি তদন্ত বোর্ড নিয়োগ করা হয়। তদন্ত বোর্ড অভিযোগসমূহ তদন্তপূর্বক ১৯ এপ্রিল ২০২৬ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করেন, যেখানে তাঁর বিরুদ্ধে আনীত "অসদাচরণ" ও "পলায়ন"-এর অভিযোগসমূহ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করা হয়;

৫.০ যেহেতু, তাঁর বিরুদ্ধে আনীত "অসদাচরণ" ও "পলায়ন"-এর অভিযোগসমূহ প্রমাণিত হওয়ায় তাঁকে "চাকরি হতে বরখাস্তকরণ" সূচক গুরুদণ্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করে গত ০৩ মে ২০২৬ তারিখে তাঁর বরাবর দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ জারি করা হয়। উক্ত নোটিশ যথাযথ প্রক্রিয়ায় জারিকরণপূর্বক তাঁর কর্মস্থল, বর্তমান ও স্থায়ী ঠিকানা, ব্যক্তিগত ও দাপ্তরিক ই-মেইল এবং হোয়াটসঅ্যাপ নম্বরে প্রেরণ করা হয়। পাশাপাশি কর্তৃপক্ষের ওয়েবসাইটেও প্রকাশ করা হয়;

৬.০ যেহেতু, তিনি উক্ত দ্বিতীয় কারণ দর্শানো নোটিশেরও কোনো জবাব দাখিল করেননি; এবং

৭.০ যেহেতু, বিভাগীয় মামলার নথিপত্র, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট সকল তথ্য-উপাত্ত পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, তিনি কর্তৃপক্ষের কোনো পত্রের জবাব প্রদান করেননি এবং চাকরিতে যোগদান না করে পলায়নরত রয়েছেন। ফলে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ-এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১-এর প্রবিধি ৪৯(খ) ও ৪৯(গ) অনুযায়ী তাঁর বিরুদ্ধে আনীত "অসদাচরণ" ও "পলায়ন"-এর অভিযোগসমূহ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে;

৮.০ সেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব মোহাম্মদ আবু সাঈদ, পরিচালক (এয়ারওয়ার্দিনেস এন্ড ইঞ্জিনিয়ারিং)-কে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ-এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১-এর প্রবিধি ৪৯(খ) ও ৪৯(গ) অনুযায়ী যথাক্রমে "অসদাচরণ" ও "পলায়ন"-এর অভিযোগে দোষী সাব্যস্ত করা হলো। অভিযোগের প্রকৃতি, গুরুত্ব এবং সংশ্লিষ্ট সকল বিষয় বিবেচনায় একই প্রবিধানমালার প্রবিধি ৫০(১)(খ)(উ) অনুযায়ী তাঁকে "চাকরি হতে বরখাস্তকরণ" সূচক গুরুদণ্ড প্রদান করা হলো এবং এতদ্দ্বারা বিভাগীয় মামলা নং-১১/২০২৫ নিষ্পত্তি করা হলো।

৯.০ এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

৩০-০৬-২০২৬
এয়ার ভাইস মার্শাল মোঃ মোস্তফা মাহমুদ সিদ্দিক
চেয়ারম্যান
ফোন : ০২৪১০৯১০০০
ফ্যাক্স : +৮৮০২৪১০৯১১১১
ইমেইল : chairman@caab.gov.bd

নম্বর: ৩০.৩১.০০০০.০০০.২০১.৫৬.০০০২.১৭.৫৭০/১ (১৪)

তারিখ: ১৬ আষাঢ় ১৪৩৩ / ৩০ জুন ২০২৬

**অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সদস্য (পরিচালনা ও পরিকল্পনা), সদস্য (পরিচালনা ও পরিকল্পনা) এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
২। সদস্য (প্রশাসন), সদস্য (প্রশাসন) এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
৩। সদস্য (নিরাপত্তা), সদস্য (নিরাপত্তা) এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
৪। সদস্য(এটিএম), সদস্য(এটিএম) এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
৫। সদস্য (ফ্লাইট স্ট্যান্ডার্ড,রেগুলেশনস এন্ড ইন্টারন্যাশনাল এ্যাফেয়ার্স ), সদস্য (ফ্লাইট স্ট্যান্ডার্ড,রেগুলেশনস এন্ড ইন্টারন্যাশনালএ্যাফেয়ার্স ) এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
৬। সদস্য (অর্থ), সদস্য (অর্থ) এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
৭। প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব), প্রধান প্রকৌশলীর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
৮। পরিচালক (প্রশাসন), পরিচালক (প্রশাসন) এর দপ্তর, প্রশাসন বিভাগ, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
৯। পরিচালক (অর্থ), পরিচালক (অর্থ) এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
১০। পরিচালক (অডিট), পরিচালক (অডিট) এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।

১১। পরিচালক (মানব সম্পদ উন্নয়ন ও সাধারণ প্রশিক্ষণ), পরিচালক (মানব সম্পদ) এর দপ্তর, মানব সম্পদ বিভাগ, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
১২। জনাব মোহাম্মদ আবু সাঈদ, পরিচালক (এয়ারওয়ার্দিনেস এন্ড ইঞ্জিনিয়ারিং) (বরখাস্তকৃত), ফ্লাইট স্ট্যান্ডার্ড এন্ড রেগুলেশনস বিভাগ, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা (মোবাইল: ০১৭১৫০৪১৫৫৬, ০১৭৩৩৪৩৫৮৮৫ ০১৭৪৫৪৫২০৪৬ ০১৮৯৪৯০১৭০০; ই-মেইল: syd_aeld@yahoo.com, daw@caab.gov.bd), বর্তমান আবাসিক ঠিকানা: বাড়ি-১৯, রোড-৯, সেক্টর-৪, উত্তরা, ঢাকা-১২৩০। স্থায়ী ঠিকানা: গ্রাম-বেলটিয়া মাস্টারবাড়ী, ডাকঘর-পোটল, থানা-কালিহাতি, জেলা-টাঙ্গাইল।।
১৩। সিনিয়র সিস্টেমস এনালিস্ট, ইনফরমেশন টেকনোলজি (আইটি) বিভাগ, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশ ও হালনাগাদের জন্য)।
১৪। পিএস টু চেয়ারম্যান, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।

৩০-০৬-২০২৬
এয়ার ভাইস মার্শাল মোঃ মোস্তফা মাহমুদ সিদ্দিক
চেয়ারম্যান